দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

66

79

তারিখ 01 AUG 1989
পৃষ্ঠা 6 কলাম 4

# মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষের রিরুদ্ধে অভিযোগ

মেহেরপুর, ৩১শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।– মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ ডঃ আনোয়ারুল করীমের বিরুদ্ধে ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীরা তাদের প্রতি অন্যায়–অত্যাচার, হয়রানি ও জুলুম এর অভিযোগ এনেছেন। ডঃ আনোয়ারুল করিম মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষের দায়িত্ব গ্রহণের কিছু দিনের মধ্য ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারীদের অকারণে গালিগালাজ, হুমকি প্রদর্শন, শো–কজ নোটিশ জারি ও দুর্বব্যহার করেছেন বলে কলেজের ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারীরা এক লিখিত অভিযোগ করেছেন।

সম্প্রতি ১ জন বেয়ারাকে নৈশ পাহারাদার ও ১ জন ক্যাশ পিওনকে দিবা পাহারাদার ও মালির দায়িত্ব সরকারী নিয়ম ভঙ্গ করে প্রদান করে। এ বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিদ্বয় তাদের এ পদ পরিবর্তনের জন্য তার কাছে আবেদন করার পর তার কক্ষে উপস্থিত কর্মচারীদের সম্মুখে আব্দুল বারী নামক কর্মচারীকে ইস্তফা প্রদান করতে বলেন। ইস্তফা প্রদান না করায় তার প্রতি অধ্যক্ষ শুধু দুর্ব্যবহার নয় মারমুখো হন। এছাড়া এক পর্যায়ে বারির বিরুদ্ধে জীবননাশের হুমকি প্রদান করে বলে থানায় একটি মিথ্যা মামলা অধ্যক্ষ দায়ের করেন।

কলেজের ৩য় ও ৪র্থ শ্রেণী৫ কর্মচারী ঐক্য পরিষদ ২১–৭–৮৯ ইং বেলাল হোসেনের সভাপতিত্বে মেহেরপুর কলেজের আব্দুল হান্নান, বেলাল হোসেন, আনছারুল হক, ইউনুছ আলী, মজিবর, জামিল উদ্দিন, মাজেদ আলী খান ও বদর উদ্দীন স্বাক্ষরিত অভিযোগপত্রে উল্লেখিত লিখিত অভিযোগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুষ্ঠু তদন্তকারী দাবী এবং বারির বিরুদ্ধে মিথ্যা মামলা প্রত্যাহারের দাবী জানানোহয়।